

## মুখোমুখি দুই উড়োজাহাজ, নারী পাইলটের তৎপরতায় রক্ষা পেল ৩০০ প্রাণ

- A Monitor Desk Report

Date: 24 August, 2023



নারী পাইলটের সতর্কতার কারণে বড় খরনের দুর্ঘটনার হাত থেকে রক্ষা পেল এয়ার ইন্ডিয়ার সংস্থা ভিস্তারার দুটি উড়োজাহাজ। ফলে অল্পের জন্য রক্ষা পেল ৩০০ যাত্রী।

বুধবার (২৩ আগস্ট) দুপুরে দিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরে এ ঘটনা ঘটে।

বিমানবন্দর সূত্রের বরাতে সংবাদসংস্থা জানিয়েছে, ২৯ আর রানওয়ে থেকে উড্ডয়ন করতে যাচ্ছিল এয়ার ইন্ডিয়ার ভিস্তারার বাগডোগরাগামী ফ্লাইট ভিটিআই৭২৫। একই সময় ২৯এল রানওয়েতে অবতরণ করছিল ভিস্তারার আহমেদাবাদ-দিল্লি ভিটিআই৯২৬।

এ সময় রানওয়েতে উড়োজাহাজ দুটির মুখোমুখি সংঘর্ষের পরিস্থিতি তৈরি হয়। ঘটনার সময় দুটি উড়োজাহাজের দূরত্ব ছিল মাত্র ১৮০০ মিটার।

ভিটিআই৯২৬-এর নারী পাইলট সোণু গিলের বিষয়টি নজরে আসলে তিনি দ্রুত এয়ার ট্রাফিক কন্ট্রোলকে (এটিসি) জানান। এরপরই এটিসি বাগডোগরাগামী উড়োজাহাজটিকে উড্ডয়ন স্থগিত করার নির্দেশ দেয়। এতে রক্ষা পায় উড়োজাহাজ দুটির ৩০০ যাত্রীসহ পাইলট ও ক্রু।

এ ঘটনার তদন্তে নেমেছে বেসামরিক বিমান চলাচল অধিদপ্তর (ডিরেক্টরেট জেনারেল অব সিভিল অ্যাভিয়েশন)। এটিসির সঙ্গে সমন্বয়ের অভাবে এমন পরিস্থিতি তৈরি হয়েছিল কিনা, তা খতিয়ে দেখা হচ্ছে।

**আরও পড়ুন:** [ঢাকা-দিল্লি রুটে ফ্লাইট বাড়ালো ভিস্তারা](#)

উল্লেখ্য, দিল্লি বিমানবন্দরের ২৯আর এবং ২৯এল রানওয়ে দুটি এক সঙ্গে ব্যবহার করা যায় না। কারণ একটি বিশেষ পয়েন্টে গিয়ে দুটি রানওয়ে মিলে যায়।

